

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দুনিয়ার আযান দেওয়ার জন্য কিয়ামতের দিন জিন, ইনসান ও সমস্ত জিনিস মুয়ায্যিনের পক্ষে সাক্ষ্য দিবে

ذِكْنُ شَهَادَةِ الْجِنِّ وَالْإِنْسِ وَالْأَشْيَاءِ لِلْمُؤَذِّنِ يَوْمَ الْقِيَامَةِ بِأَذَانِهِ فِي الدُّنْيَا

আরবী

1659 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي صَعْصَعَةَ عَنْ أَبِيهِ أَنَّهُ أَخْبَرَهُ: أَنَّ أَبَا سَعِيدٍ الرَّحْمَنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي صَعْصَعَةَ عَنْ أَبِيهِ أَنَّهُ أَخْبَرَهُ: أَنَّ أَبَا سَعِيدٍ الْخُدْرِيُّ قَالَ: إِنِّي أَرَاكَ تُحِبُّ الْغَنَمَ وَالْبَادِيَةَ فَإِذَا كُنْتَ فِي غَنَمِكَ وَبَادِيَتِكَ وأَذَنْتَ الْخُدْرِيُّ قَالَ: إِنِّي أَرَاكَ تُحِبُّ الْغَنَمَ وَالْبَادِيَةَ فَإِذَا كُنْتَ فِي غَنَمِكَ وَبَادِيتِكَ وأَذَنْتَ بِالصَّلَاةِ فَارْفَعْ صَوْتَكَ بِالنِّدَاءِ فَإِنَّهُ لَا يَسْمَعُ مَدَى صَوْتِ الْمُؤَذِّنِ جِنُّ وَلَا إِنْسٌ وَلَا شَيْءٌ إِلَاللَّهِ صَلَامَةِ قَالَ أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ: سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَى.

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1659 ا خلاصة حكم المحدث: صحيح

বাংলা

১৬৫৯. আব্দুল্লাহ বিন আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন, "আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন, "নিশ্চয়ই আমি তোমাকে দেখছি যে, তুমি মেষ ও যাযাবর জীবন ভালবাসো। যখন তুমি যাযাবর অবস্থায় তোমার মেষ নিয়ে থাকবে এবং সালাত আদায় করার জন্য আযান দিবে, তখন তুমি তোমার আওয়াজ বুলন্দ করে আযান দিবে। কেননা মুয়ায্যিনের আযান যেসব মানুষ, জিন বা যে কোন কিছু শ্রবণ করে, তারাই কিয়ামতের দিন তার পক্ষে সাক্ষ্য দিবে।"

আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি এই হাদীস রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে শুনেছি।"[1]

ফুটনোট



[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৬৯; মুসনাদ আহমাদ: ৩/৩৫; সহীহ আল বুখারী: ৬০৯; নাসাঈ: ২/১২: সুনান বাইহাকী: ১/৩৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৬৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🗆 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু 'আবদুর রহমান আনসারী মাযিনী (রহঃ)
🚱 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91253

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন